# হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## আল্লাহ তা‘আলার সাথে কাউকে শরীক করা

আল্লাহ তা‘আলার সাথে কাউকে শরীক করা। তা প্রতিপালন, উপাসনা, আল্লাহ’র নাম ও গুণাবলীর যে কোনটিরই ক্ষেত্রে হোক না কেন।

শির্ক নির্দ্বিধায় সকল গুনাহ্’র শীর্ষে অবস্থিত।

আবূ বাক্রা (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

أَلَا أُنَبِّئُكُمْ بِأَكْبَرِ الْكَبَائِرِ؟ ثَلَاثًا، قَالُوْا: بَلَى يَا رَسُوْلَ اللهِ! قَالَ: الإِشْرَاكُ بِاللهِ..

“আমি কি তোমাদেরকে বড় গুনাহ্’র কথা বলবো না? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উক্ত কথাটি সাহাবাদেরকে তিন বার জিজ্ঞাসা করেন। সাহাবারা বললেন: হ্যাঁ, বলুন হে আল্লাহ্’র রাসূল! তিনি বললেন: আল্লাহ তা‘আলার সাথে কাউকে শরীক করা”। (বুখারী ২৬৫৪, ৫৯৭৬; মুসলিম ৮৭)

শির্ক সকল ধরনের আমলকেই বিনষ্ট করে দেয়।

আল্লাহ তা‘আলা বলেন:

«وَلَوْ أَشْرَكُوْا لَحَبِطَ عَنْهُمْ مَّا كَانُوْا يَعْمَلُوْنَ»

“তাঁরা (নবীগণ) যদি আল্লাহ তা‘আলার সাথে কাউকে শরীক করতো তা হলে তাঁদের সকল আমল পন্ড হয়ে যেতো”। (আন‘আম: ৮৮)

শির্ক আবার দু’ প্রকার: বড় শির্ক ও ছোট শির্ক। প্রকারদ্বয়ের বিস্তারিত আলোচনা আমাদেরই রচিত দু’ খন্ডে বিভক্ত “শির্ক: কি ও কত প্রকার” বইটিতে অচিরেই পাচ্ছেন। তবুও এ ব্যাপারে সর্ব সাধারণের কিঞ্চিত ধারণার জন্য তার ইঙ্গিতপূর্ণ সংক্ষিপ্ত বিবরণ নিম্নে দেয়া হলো

Source — https://www.hadithbd.com/books/link/?id=6631

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন